অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/28/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

# গভর্নর কুওমো বাফেলো বিশ্ববিদ্যালয়ের (UNIVERSITY AT BUFFALO, UB) ইনোভেশন হাব (INNOVATION HUB) এর আনুষ্ঠানিক উদ্বোধনের ঘোষণা দিয়েছেন

*স্টার্ট আপ কমিউনিটির উন্নতি সাধনের উদ্দেশ্যে ডাউনটাউন বাফেলোতে নতুন উদ্যোগ*

*32 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ শিক্ষার্থী, ফ্যাকাল্টি, ক্লিনিশিয়ান এবং গবেষকদের উদ্ভাবনের বাণিজ্যিকীকরণের জন্য প্রয়োজনীয় রিসোর্স যোগান দেবে*

*অংশীদারগণের মধ্যে রয়েছে শীর্ষ শিল্প নেতৃবৃন্দ, রসওয়েল পার্ক কম্প্রিহেনসিভ ক্যান্সার ইন্সটিটিউট (Roswell Park Comprehensive Cancer Institute), জ্যাকবস ইন্সটিটিউট (Jacobs Institute), হপটোম্যান-উডওয়ার্ড ইন্সটিটিউট (Hauptmann-Woodward Institute) এবং ক্যালেইডা হেলথ (Kaleida Health)*

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ বাফেলো বিশ্ববিদ্যালয়ের ইনোভেশন হাব এর আনুষ্ঠানিক উদ্বোধন ঘোষণা করেছেন, যা আইডিয়ার সাথে কাজের সংযোগ তৈরি এবং রিসার্চকে ল্যাব থেকে বাজারে নিয়ে আসার উদ্দেশ্যে গৃহীত এক নতুন উদ্যোগ। ইনোভেশন হাব নিউ ইয়র্ক স্টেট এর প্রতিশ্রুত 32 মিলিয়ন মার্কিন ডলারের এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) অনুদানের মাধ্যমে অর্থায়ন হয় এবং বাফেলো বিশ্ববিদ্যালয় (UB) এবং এর শীর্ষ গবেষণা অংশীদারদের, যাদের মধ্যে রয়েছে রসওয়েল পার্ক কম্প্রিহেনসিভ ক্যান্সার ইন্সটিটিউট, জ্যাকবস ইন্সটিটিউট, হপটোম্যান-উডওয়ার্ড মেডিকেল রিসার্চ ইন্সটিটিউট (Hauptmann-Woodward Medical Research Institute) এবং ক্যালেইডা হেলথ, উদ্ভাবনকে সহায়তা প্রদান করে।

"ওয়েস্টার্ন নিউ ইয়র্কের বিশ্বমানের একাডেমিক প্রতিষ্ঠানসমূহ, যেমন বাফেলো বিশ্ববিদ্যালয়, স্টেটে ডায়নামিক লাইফ সায়েন্স অ্যান্ড টেকনোলজি হাব-এর উন্নয়নের প্রমাণিত অনুঘটক", **গভর্নর কুওমো বলেন।** "কৌশলগত বিনিয়োগ এবং স্থানীয় অংশীদারিত্বের মাধ্যমে, এই ইনোভেশন হাব প্রযুক্তি শিল্পের সর্বোত্তম ও সবেচেয়ে মেধাবীদের একত্রিত করবে যার ফলে আগত প্রজন্মগুলোতে অঞ্চলের উদ্ভাবনী অর্থনীতির প্রবৃদ্ধি ঘটবে।"

"আমাদের ঐতিহাসিক গ্রেইন এলিভেটর থেকে শুরু করে, বৈদ্যুতিক গাড়ি ও শীতাতপ নিয়ন্ত্রণ উদ্ভাবন, বাফেলো উদ্ভাবনের একটি শক্তসমর্থ কেন্দ্র হিসেবে সুপরিচিত," **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন, যিনি অনুষ্ঠানে বক্তব্য রাখেন।** "বাফেলো বিশ্ববিদ্যালয়ের ইনোভেশন হাব

বাফেলো এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্ক জুড়ে প্রযুক্তি শিল্পের বিকাশ এবং ভালো-বেতনের কাজের সুযোগ সৃষ্টির জন্য আমাদের অব্যাহত প্রচেষ্টার অংশ হিসেবে এই ঐতিহ্যকে ধরে রাখবে। ইনোভেশন হাবটি আমাদের অঞ্চলের জন্য আরো বৃহৎ সাফল্য নিশ্চিত করার লক্ষ্যে UB এবং উদ্যোক্তা কমিউনিটির সর্বোচ্চ মেধাবীদের সাথে অংশীদারিত্ব এবং পারষ্পরিক সহযোগিতায় সহায়তা করবে।"

ইনোভেশন হাবটি UB এবং এর অংশীদার প্রতিষ্ঠানগুলোর শিক্ষার্থী ও ফ্যাকাল্টি রিসার্চারদের জন্য তাদের আইডিয়াকে ল্যাব থেকে বাজারমুখী করা সহজতর করবে, এতে প্রযুক্তির বাণিজ্যিকীকরণে সহায়তা হবে এবং যার ফলে ওয়েস্টার্ন নিউ ইয়র্কে বেসরকারি বিনিয়োগ ও চাকরি বৃদ্ধি পাবে। UB এবং এর অংশীদারগণ একত্রে 412 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বার্ষিক রিসার্চ আউটফ্লো, 30,000 শিক্ষার্থী এবং 3,000 এর বেশি ফ্যাকাল্টিকে একত্রিত করেছে যারা মেডিকেল ডিভাইস টেকনোলজি, ডায়াগনস্টিক, হেলথকেয়ার ডেলিভারি, সফটওয়্যার অ্যাপ্লিকেশন, ম্যাটেরিয়ালস, ইমেজিং, সাসটেইনেবিলিটির ক্ষেত্রে নতুন উদ্ভাবন ও উন্নয়ন এবং অন্যান্য বিচিত্র উদ্ভাবনী উন্নয়নের প্রতি গুরুত্ব দিয়ে থাকে।

অনুষ্ঠানে অংশগ্রহণকারী ও সহযোগীদের সাথে ইনোভেশন হাবের অগ্রগতির বিষয়ে বিভিন্ন হালনাগাদ তথ্য বিনিময় করা হয়, যেখানে তিনটি মূল বিষয়ে উন্নয়নের কথা বলা হয়:

- UB এর নিউ ইয়র্ক স্টেট সেন্টার অব এক্সিলেন্স ইন বায়োইনফরমেটিক্স এন্ড লাইফ সায়েন্স (New York State Center of Excellence in Bioinformatics and Life Sciences)-কে ইনকিউবেশন ও উদ্যোক্তা সাপোর্ট স্পেস এ পরিণত করার পরিকল্পনা, নকশা ও সংস্কারকাজ চলমান রয়েছে এবং 2020 সালের শুরুর দিকে চালু হবে আশা করা যায়। স্থানটি, যা স্টার্ট-আপ নিউ ইয়র্ক (START-UP NY) এর উপযুক্ত স্থান হিসেবে নির্ধারিত থাকবে, UB ও এর অংশীদার প্রতিষ্ঠানগুলোর সাথে সংশ্লিষ্ট কোম্পানিগুলোর জন্য বরাদ্দ করা হবে। এছাড়াও বিশ্ববিদ্যালয় ফ্যাসিলিটির বিভিন্ন অংশ উদ্যোক্তা সহায়তা প্রোগ্রাম, অনুষ্ঠান, শিক্ষা এবং সংশ্লিষ্ট পরিষেবার জন্য ব্যবহার করবে।
- ইনোভেশন হাব এর 13.5 মিলিয়ন মার্কিন ডলার ফান্ডের মাধ্যমে করা প্রারম্ভিক বিনিয়োগ প্রুফ-অব-কনসেপ্ট এর সুযোগ এবং প্রি-সিড/সিড-গ্রোথ এর কাজে গুরুত্ব দিচ্ছে। যার ফলশ্রুতিতে, সাতজন প্রুফ অব কনসেপ্ট অ্যাকসিলারেটর ফান্ড অনুদান প্রাপক নির্বাচিত হয়েছে এবং এই বছরের শেষে ফান্ডের কার্যক্রম দ্রুতগতি লাভ করবে প্রত্যাশা করা হচ্ছে, শীঘ্রই প্রত্যাশিত অতিরিক্ত ফান্ডিং এর ঘোষণার সাথে।
- উন্নয়নের বিভিন্ন ধাপে নির্মাতাদের ও স্টার্টআপগুলোকে সর্বোত্তম পরিষেবা ও নির্দেশনা প্রদানের জন্য প্রচার সংযোগ ও সহায়তা প্রোগ্রামিং এর কাজ চলমান রয়েছে। এই প্রচার, কারিকুলাম ও প্রোগ্রামিং পরিচিত করানো ও বাস্তবায়ন করা হচ্ছে।

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট-এর প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা ও কমিশনার হাওয়ার্ড জেমস্কি বলেন,** "UB ও এর অংশীদারদের ধারণা, গবেষণা, প্রযুক্তি ও উদ্ভাবনের বিচিত্র বিনিয়োগ তালিকা ব্যবহারের মাধ্যমে এবং অর্থায়ন, ইনকিউবেশন ও সহায়তা সেবার মাধ্যমে এগুলোকে

সংযোজনের মাধ্যমে, স্টার্ট-আপ ব্যবসা গঠন ও বাণিজ্যিকীকরণের জন্য বৈশ্বিকভাবে-স্বীকৃত হাব তৈরির জন্য আমাদের প্রয়োজনীয় উপাদান রয়েছে।"

**UB এর প্রেসিডেন্ট সতীশ কে. ত্রিপাথী বলেন,** "ইনোভেশন হাবটি আমাদের ফ্যাকাল্টি বিশেষজ্ঞ, শিক্ষার্থী, গবেষনা অংশীদার এবং আশেপাশের স্টার্ট আপ কমিউনিটির সাথে সর্বদা বিদ্যমান পারষ্পরিক সহযোগিতার ধরন প্রদর্শন ও বিস্তৃত করার জন্য আমাদের বিশ্ববিদ্যালয়ের কাজের এক স্বাভাবিক বর্ধিতাংশ। UB এমন এক পরিবেশ লালনে প্রতিশ্রুতিবদ্ধ যেখানে উদ্যোক্তা গড়ে উঠতে এবং আমাদের অঞ্চলজুড়ে বিকশিত হতে সক্ষম হবে এবং ইনোভেশন হাব এর ধারণাটি সেই প্রচেষ্টারই এক গুরুত্বপূর্ণ অংশ।"

**UB এর অ্যাসোসিয়েট ভাইস প্রেসিডেন্ট ফর ইকোনমিক ডেভেলপমেন্ট ক্রিস্টিনা ওরসি বলেন,** "একটি আইডিয়াকে বাস্তবরূপ দান করার জন্য প্রয়োজনীয় অর্থায়ন, সুযোগ-সুবিধা ও মেধার সাথে শিক্ষার্থী, ফ্যাকাল্টি ও উদ্যোক্তাদের যোগাযোগ স্থাপনের মাধ্যমে ইনোভেশন হাব উদ্ভাবন এবং মার্কেটপ্লেসের মধ্যকার ব্যবধান ঘুচিয়ে দেবে।"

**অ্যাসেম্বলি সংখ্যাগরিষ্ঠ নেতা ক্রিস্টাল পিপলস-স্টোকস বলেন,** "বাফেলো বিশ্ববিদ্যালয়ের ইনোভেশন হাব চালু করতে সাহায্য করার উদ্দেশ্যে গভর্নরের বাফেলো বিলিয়ন (Buffalo Billion) থেকে দেয়া 32 মিলিয়ন মার্কিন ডলারের এই বিনিয়োগ অঞ্চলের সর্বোত্তম ও সর্বোচ্চ মেধাবী চিকিৎসা ও প্রযুক্তি গবেষকদের তাদের উদ্ভাবনকে জনগণের কাছে পৌঁছে দিতে সাহায্য করবে। এটি উদ্ভাবনী স্টার্ট আপের এমন এক সংস্কৃতি সৃষ্টি করবে যা চাকরির সুযোগ সৃষ্টি করবে, ফলে বাফেলোতে আরো মেধা ও বিনিয়োগ আকৃষ্ট হবে।"

**সেনেটর টিম কেনেডি বলেন,** "যেহেতু বাফেলোর মেডিকেল করিডোর ক্রমাগত পরিবর্তিত ও পরিবর্ধিত হচ্ছে, তাই আমাদের এটি নিশ্চিত করা প্রয়োজন যে আমরা ওয়েস্টার্ন নিউ ইয়র্কের স্বাস্থ্যসেবায় নেতৃস্থানীয়দের প্রগতিমূলক ও অভিনব গবেষণা করছেন এমন শিক্ষার্থী ও ফ্যাকাল্টিদের সাথে সংযুক্ত করিয়ে দিচ্ছি। বাফেলো বিশ্ববিদ্যালয়ের ইনোভেশন হাব চালুর মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট স্টেটজুড়ে ও দেশব্যাপী ওষুধের চেহারা পাল্টে দেয়ার মতো জীবন পরিবর্তনকারী ধারণা ও সর্বাধুনিক থেরাপিসমূহ লালন ও পারস্পরিক সহযোগিতার জন্য এক ভিত্তি সৃষ্টি করছে।"

**ইরি কাউন্টি নির্বাহী মার্ক পোলনকারজ বলেন,** "UB শিক্ষার্থী উদ্যোক্তা ও বাফেলো বিশ্ববিদ্যালয়ের ফ্যাকাল্টিগণ মেডিকেল সায়েন্স এবং স্বাস্থ্যসেবা প্রদানের সর্বাধুনিক ভবিষ্যৎ নিয়ে কাজ করছে এবং ইনোভেশন হাব সৃষ্টির কারণে তাদের রিসার্চ ও অগ্রগতি এখন মার্কেটপ্লেসে পৌঁছাবে এবং আরো দ্রুত জীবন রক্ষা শুরু করতে পারবে। স্বাস্থ্যসেবা জগতের গবেষণা অংশীদারদের সাথে কাজ করার মাধ্যমে UB এর তীক্ষ্ণতম গবেষণা মেধাবীগন তাদের ধারণাকে ড্রইং বোর্ড ও কম্পিউটার স্ক্রিন থেকে বাস্তব-জীবনে প্রয়োগ করতে সক্ষম হবেন এবং তা করতে গিয়ে আমাদের স্বাস্থ্যসেবা প্রদান ও পৌঁছে দেয়ার ধারণায় পরিবর্তন ঘটাবে।"

**বাফেলো সিটির মেয়র বায়রন ডাব্লিউ. ব্রাউন বলেন,** "এই ইনোভেশন হাবটি বাফেলোকে এমন একটি স্থান হিসেবে সংযুক্ত ও সমৃদ্ধ করবে যা শিক্ষা, স্বাস্থ্য ও উদ্যোক্তা কমিউনিটির মধ্যকার অংশীদারিত্বকে লালন করে। এটি আমাদের সিটি ও এই অঞ্চলের দ্রুত বর্ধনশীল ও বিকাশমান

অর্থনীতির শক্তি বৃদ্ধি করে। আমি গভর্নর কুওমো, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট কর্পোরেশন এবং বাফেলো বিশ্ববিদ্যালয়কে উদ্ভাবন বিকশিত হতে পারে এমন একটি পরিবেশ সৃষ্টিতে তাদের অব্যাহত প্রচেষ্টার জন্য ধন্যবাদ জানাই।"

আসন্ন সপ্তাহগুলিতে, ইনোভেশন হাব সংশ্লিষ্ট অনেকগুলো অতিরিক্ত ঘোষণা আসবে বলে প্রত্যাশা করা হয় যার মধ্যে থাকবে বিনিয়োগ তহবিলের সাম্প্রতিক তথ্য, ইনকিউবেটর স্পেস প্রিভিউ ও উক্ত হাবের সমষ্টিগত রিসোর্স ইতোমধ্যে সফলভাবে ব্যবহারকারী বিদ্যমান উদ্যোগ, গবেষক ও সহযোগীদের বিভিন্ন দিক। ইনোভেশন হাব সম্পর্কে আরো জানতে, এখানে ক্লিক করুন।

**বাফেলো বিশ্ববিদ্যালয় ব্যবসা ও উদ্যোক্তা অংশীদারিত্ব অফিস (University at Buffalo Business and Entrepreneur Partnerships office) সম্পর্কে**

ব্যবসা ও উদ্যোক্তা অংশীদারিত্ব (Business and Entrepreneur Partnerships, BEP) গবেষণা ও উন্নয়নে সহযোগিতা করা, নতুন প্রযুক্তিকে বাণিজ্যিকীকরণ করা এবং শিক্ষার্থীদেরকে অভিজ্ঞতামূলক শিক্ষা ও কর্মসংস্থানের সুযোগ প্রদান করার জন্য অংশীদারিত্ব তৈরির মাধ্যমে শিক্ষা ও শিল্প ক্ষেত্রের মধ্যে সেতু বন্ধন করছে।

এই প্রক্রিয়ায়, আমরা ওয়েস্টার্ন নিউ ইয়র্ক, নিউ ইয়র্ক স্টেট ও এর বাইরের উদ্ভাবনী অর্থনীতিকে রূপান্তর করছি। UB ইনকিউবেটরে উদ্যোগগুলি বৃদ্ধি পায়। গবেষণায় সাফল্যের জন্য ফ্যাকাল্টির সদস্যগণ অর্থায়ন পান। শিক্ষার্থীগণ হাতে-কলমে শিক্ষায় সম্পৃক্ত হয় এবং কর্মজীবন শুরু করে। প্রযুক্তির অনুমোদন ও বাণিজ্যিকীকরণ, বিশ্ববিদ্যালয়ের পরীক্ষাগারে পণ্য পরীক্ষা করা এবং বিধ্বংসী প্রযুক্তির উদ্ভাবন ও সেটিকে বাজারে আনার ব্যাপারে উৎসাহী একটি শিক্ষিত, অভিজ্ঞ টিমের মাধ্যমে তাদের সম্ভাবনাকে সমৃদ্ধ করার দ্বারা ব্যবসাসমূহ সম্প্রসারিত হয়।

স্থানীয় কোম্পানিগুলোকে লালনে বাফেলো বিশ্ববিদ্যালয়ের বিনিয়োগ দেশের অন্যতম সর্বাধিক উদ্যোক্তা সম্পর্কিত মেট্রো এলাকা হিসেবে বাফেলো অঞ্চলের সুনামকে শক্তিশালী করবে। এই ব্যবসাসমূহের মাধ্যমে ওয়েস্টার্ন নিউ ইয়র্কে সম্পন্ন হওয়া গবেষণা ও কাজ স্থানীয়, জাতীয় ও বৈশ্বিক প্রভাব সৃষ্টিকারী বর্তমান ও ভবিষ্যৎ সমস্যাগুলি সমাধানে সাহায্য করবে। UB BEP সম্পর্কে আরো জানতে, এখানে ক্লিক করুন।

###


অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov

নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418



আনসাবস্ক্রাইব করুন